

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১৭৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬০. ইসতিস্কার সালাতে দু' হাত উত্তোলন সম্পর্কে

باب رَفْعِ الْيَدَيْنِ فِي الإسْتِسْقَاءِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَة، عَنْ مَالِك، عَنْ يَحْيَى بْنِ سَعِيد، عَنْ عَمْرِو بْنِ شُعَيْب، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَانَ يَقُولُ ح وَحَدَّثَنَا سَهْلُ بْنُ صَالِحٍ حَدَّثَنَا عَلِيُّ بْنُ قَالَ اللهِ عليه وسلم كَانَ يَقُولُ ح وَحَدَّثَنَا سَهْلُ بْنُ صَالِحٍ حَدَّثَنَا عَلِيُّ بْنُ قَالِم قَادِمٍ أَخْبَرَنَا سُفْيَانُ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم إِذَا اسْتَسْقَى قَالَ " اللَّهُمَّ اسْقِ عِبَادَكَ وَبَهَائِمَكَ وَانْشُرْ رَحْمَتَكَ وَأَحْي بَلَدَكَ الْمَيِّتَ " . هَذَا لَفْظُ حَدِيثِ مَالِكِ .

_ حسن

বাংলা

১১৭৬। 'আমর ইবনু শু'আইব (রহঃ) তার পিতা হতে তার দাদা সূত্রে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বৃষ্টির জন্য দু'আ করার সময় বলতেনঃ হে আল্লাহ! আপনি আপনার বান্দাদের ও প্রাণীদেরকে পানি দান করুন, আপনার রহমত বিস্তৃত করুন এবং আপনার মৃত শহরকে (শুস্ক ভূমিকে) জীবিত করুন।[1]

হাসান।

English

Narrated 'Amr b. Suh'aib:

On his father's authority, quoted his grandfather as saying: When the Messenger of Allah (ﷺ) prayed for rain, he said: O Allah! Provide water for Your servants and Your cattle, display Your mercy and give life to Your dead land.



This is the wording of Malik.

ফুটনোট

[1] মালিক (অধ্যায় : ইসতিসকা, অনুঃ ইসতিসকা সম্পর্কে, হাঃ ২), আহমাদ (৫/৬০)।

এক নজরে ইসতিস্কা সালাতের নিয়মঃ

- (ক) পুরাতন কাপড় পরে চাদর গায়ে দিয়ে বিনয়-নম্রচিত্তে সূর্যদয়ের সাথে সাথে ময়দান অভিমুখে রওয়ানা হবেন। সাথে ইমামের জন্য মিম্বার নিতে পারেন। ইমাম মিম্বারে বসে তাকবীর বলবেন এবং আল্লাহর প্রশংসা করবেন ও লোকদের ইস্তিসকার গুরুত্ব সম্পর্কে ঈমান বর্ধক সামান্য কিছু উপদেশ দিবন। অতঃপর দু'আ পাঠ করবেন। (বুলুগুল মারাম)
- (খ) ইস্তিসকার সালাত প্রথমে আদায় করে পরে দুআ ও অন্যান্য বিষয় সম্পন্ন করা যাবে। (সহীহুল বুখারী, সহীহ মুসলিম)
- (গ) সালাতের ক্বিরাআত হবে স্বরবে। (সহীহুল বুখারী, সহীহ মুসলিম)
- (ঘ) দু'আর সময় হাত মাথা বরাবর উঁচু করতে হবে। (আবূ দাউদ ও অন্যান্য) এবং হাত উপুরভাবে থাকবে। (সহীহ মুসলিম)
- (৬) জুমুআহর খুত্ববাহ অবস্থায় খতীব সাহেব মুক্তাদীদের নিয়ে সমবেতভাবে দুই হাত উঠিয়ে আল্লাহর নিকট বৃষ্টি প্রার্থনা করতে পারেন। (সহীহুল বুখারী)
- (চ) জীবিত কোন মুত্তাকী পরহেযগার ব্যক্তির মাধ্যমে আল্লাহর নিকট বৃষ্টি প্রার্থনা করা যাবে। কিন্তু রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বা অন্য কোন মৃত ব্যক্তির ওয়াসিলাহ দিয়ে নয়। (সহীহুল বুখারী)
- (ছ) ইস্তিসকার সালাত জামাআতবদ্ধভাবে আদায় করতে হয়। (সহীহুল বুখারী, সহীহ মুসলিম)
- (জ) ইস্তিসকার খুত্ববাহ সাধারণ খুৎবাহর মত নয়। এটির অধিকাংশ কেবল আকুতিভরা দুআ আর দুআ থাকবে। (বুলুগুল মারাম) {সূত্র : সালাতুর রসূল সাঃ, পৃঃ ১৩৩-১৩৫}
- (ঝ) ইস্তিসকা সালাতের কয়েকটি দু'আঃ
- (১) আলহামদুলিল্লাহি রব্বিল 'আল-লামীন, আর রহমা-নির রহীম, মা-লিকি ইয়াওমিদ্দীন, লা ইলাহা ইল্লাল্লাহ



ইয়াফ'আলু মা-ইউরীদু। আল্লা-হুম্মা আনতাল্লা-হু লা ইলাহা ইল্লা আনতা। আনতাল গানিইয়ু ওয়া নাহনুল ফুকারা-উ। আনঝিল 'আলাইনা গাইসা ওয়াজ'আল মা আনঝালতা 'আলাইনা কুউওয়াতাঁও ওয়া বালা-গান ইলা-হীন। (আবূ দাউদ)

- (২) আল্লাহুম্মাসিক 'ইবাদাকা ওয়া বাহীমাতাকা ওয়ান্ত্র রহমাতাকা ওয়াহ্ইয়ে বালাদাকাল মাইয়্যিতা। (আবূ দাউদ ও অন্যান্য)
- (৩) ''আল্লা-হুম্মা আসকিনা গাইসাম মুগীসাম মারীআম মারী'আ, নাফ'আন গাইরা যা-ররিনা 'আ-জিলান গাইরা আজিলিন। (আবৃ দাউদ, মিশকাত)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন